ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯
ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮ ; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭৮৯৬৩৬
Website: www.nib.gov.bd

স্মারক নং- ৩৯.০৬.২৬৭২.০০১.০৬.০০৩.১৬/ ৭৭৮৬

তারিখ: ০৭/০৮/২০১৭

বিষয়: ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির (জানুয়ারি ২০১৭- জুন ২০১৭) প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতির (জানুয়ারি ২০১৭- জুন ২০১৭) প্রতিবেদন এতদসঙ্গে (সংযুক্ত) প্রেরণ করা হল।

এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সবিনয় অনুরোধ করা হ'ল।

০৭/০৮/১৭

ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৭৭৮৯৪৫৮
Email:dgnibbd@gmail.com

সংযুক্তি: বর্ণনামতে

সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ সাখাওয়াত হোসেন, প্রোগ্রামার, কম্পিউটার সেল, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ]

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯
ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮ ; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭৮৯৬৩৬
Website: www.nib.gov.bd

বিষয়: ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ইনোভেশন টিমের জানুয়ারি-জুন ২০১৭ সময়ের কার্যক্রমের প্রতিবেদন।

সরকার কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিকসেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চীফ ইনোভেশন অফিসার এবং সংস্থা উপজেলা পর্যায়ে/জেলা/ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। মন্ত্রিপরিষদ বিভাগ গত এপ্রিল ৮, ২০১৩ তারিখে এসংক্রান্ত একটি প্রজ্ঞাপন গেজেট আকারে প্রকাশ করে। এরই প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) গত ৫ ডিসেম্বর ২০১৩ তারিখে ইনোভেশন টিম গঠন এবং পরর্তীতে নভেম্বর ২৪, ২০১৫ তারিখে ইনোভেশন টিম পুনর্গঠন করে।

ইনোভেশন টিমের জানুয়ারি-জুন ২০১৭ সময়ের কার্যাবলী ও অর্জন নির্ধারিত ছকে উল্লেখ করা হল।

| ক্রমিক নং | বিষয় | গৃহীত পদক্ষেপ | উল্লেখযোগ্য অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জীবপ্রযুক্তি ব্যবহার করে নতুন প্রযুক্তি উদ্ভাবনের নিমিত্ত গবেষণা কার্যক্রম পরিচালনায় উদ্বুদ্ধকরণ | এনআইবিতে কর্মরত গবেষকগণের সহিত নিয়মিত বৈঠক, আলোচনা এবং মটিভেশন কার্যক্রম পরিচালনা করা। | উল্লেখিত সময়ে গবেষকগণের সহিত নিয়মিত বৈঠক, আলোচনা এবং মটিভেশন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। | |
| | | দেশ বিদেশের বিভিন্ন গবেষণা অনুদান প্রদানকারি সংস্থায় অনুদানের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাবনা প্রেরণ। | দেশ বিদেশের বিভিন্ন জায়গায় কিছু গবেষণা প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মোট ৪টি প্রকল্পের বিপরীতে গবেষণা অনুদান পাওয়া গিয়াছে। আরও প্রায় ৬টি গবেষণা প্রস্তাব বিবেচনাধীন আছে। | |
| ২। | দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গবেষণা কাজ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত বিজ্ঞানীদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ | বায়োইনফরমেটিকস্ এবং Open Source Software, সাইবার নিরাপত্তা, ইত্যাদি বিষয়ে গবেষকগণের জন্য প্রশিক্ষণের আয়োজন | ইতোমধ্যে বায়োইনফরমেটিকস্ বিষয়ে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে। Open Source Software, সাইবার নিরাপত্তা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রক্রিয়াধীন আছে। | |
| | দক্ষতার সহিত কম্পিউটার ব্যবহার, সংশ্লিষ্ট ক্ষেত্রে সাইবার নিরাপত্তা ব্যবস্থপনা, ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ। | কম্পিউটার এবং ইন্টানেট ব্যবহার সংক্রান্ত বেসিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন | কম্পিউটার ব্যবহারকারী অফিস সহকারিগণের জন্য কম্পিউটার এবং ইন্টানেট ব্যবহার সংক্রান্ত বেসিক বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br><br>সাইবার নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রক্রিয়াধীন আছে। | |
| ৩। | জাতীয় ই-সেবা সিস্টেম | জাতীয় ই-সেবা সিস্টেম চালুর উদ্যোগ গ্রহণ। | ই-ফাইলিং শুরু প্রক্রিয়াধীন | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | সেবামুখী কার্যক্রম। | তথ্যসেবা প্রদানের লক্ষ্যে ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ। | এনআইবি'র গবেষকসহ দেশ বিদেশের বিভিন্ন পর্যায়ের ভোক্তাগণকে তথ্যসেবা প্রদানের লক্ষ্যে ইনস্টিটিউটের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হয়েছে এবং হালনাগাদকরণ চলমান রয়েছে। | |
| | অনলাইনে ডিএনএ সিকোয়েন্সিং সেবা প্রাপ্তির আবেদন। | ডিএনএ সিকোয়েন্সিং সেবা অনলাইনে প্রদানের উদ্যোগ গহণ | অনলাইনে সেবা প্রদানের জন্য প্রাথমিক ফরম্যাট প্রস্তুত করা হয়েছে। | |
| ৫। | ইনোভেশন টিমের সভা। | ইনোভেশন টিমের সভা এবং সভার প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ। | প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সভার প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রযুক্তি প্রসার সেলে নিয়মিত প্রেরণ করা হয়েছে। | |
| | আইসিটি সংক্রান্ত রিপোর্ট | আইসিটি সংক্রান্ত মাসিক ও ত্রৈমাসিক বিভিন্ন রিপোর্ট প্রেরণ। | এনআইবি'র ওয়েবসাইট সংক্রান্ত মাসিক রিপোর্ট ও আইসিটি সংক্রান্ত টাস্কফোর্সের নির্দেশনা মোতাবেক ত্রৈমাসিক রিপোর্ট প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রযুক্তি প্রসার সেলে নিয়মিত প্রেরণ করা হয়েছে। | |
| | জাতীয় ইলেকট্রনিক গভর্ণমেন্ট প্রকিউরমেন্ট (জিপি-ই) পোর্টালে অন্তর্ভূক্তি | ই-টেন্ডারিং চালু করার উদ্যোগ গ্রহণ | ই-টেন্ডারিং চালু করা হয়েছে। | |

৭/৮/২০১৭

ড. জাহাঙ্গীর আলম
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
ইনোভেশন অফিসার
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি